

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ, সলিসিটর অনুবিভাগ, প্রশাসন শাখা-১,
'অ্যাটর্নি-জেনারেল এবং সলিসিটর কার্যালয়ের নতুন ভবন'
বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গণ, ঢাকা।
(www.lawjusticediv.gov.bd)

১৬ ভাদ্র, ১৪২৪ বঙ্গাব্দ

পত্র নং-১০.০০.০০০০.১৩৩.৫৪.০০১.১৪(অংশ-২)-৪৯

তারিখ: -----

৩১ শে আগষ্ট, ২০১৭ খ্রিঃ


বিষয় : ২০১৭ সালের ১১ সেপ্টেম্বর রোজ-সোমবার অনুষ্ঠিতব্য ১০ম জাতীয় সংসদের ১৭তম অধিবেশনে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর উত্তরদানের জন্য তারকা চিহ্নিত ৬৮ নং প্রশ্নের উত্তর প্রেরণ প্রসংগে।

সূত্রঃ আইন ও বিচার বিভাগের বিচার শাখা-৮ এর ৩০/০৮/২০১৭ খ্রিঃ তারিখের ১০.০০.০০০০.১৩২.০৯.০০৭.১৬(অংশ)-৮৭২ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৭ সালের ১১ সেপ্টেম্বর রোজ-সোমবার অনুষ্ঠিতব্য ১০ম জাতীয় সংসদের ১৭তম অধিবেশনে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় কর্তৃক তারকা চিহ্নিত প্রশ্নোত্তর দানের জন্য দিন ধার্য রয়েছে। তারকা চিহ্নিত প্রশ্নটি নিম্নরূপঃ-

প্রশ্নকারী মাননীয় সংসদ সদস্যের নাম	উত্তর প্রদানকারী মাননীয় মন্ত্রীর নাম
বেগম ফজিলাতুন নেসা বাপ্পি (মহিলা আসন-৩০)	জনাব আনিসুল হক মাননীয় মন্ত্রী আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
*৬৮ নং প্রশ্নঃ	উত্তরঃ
আইন, বিচার ও সংসদ বিষয়ক (আইন ও বিচার বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, “২০০৫ সালের ১৭ আগষ্ট সারাদেশে ৫০০ স্থানে সিরিজ বোমা হামলার ঘটনায় বিচারাধীন মামলার সংখ্যা কত; মামলাগুলি বর্তমানে বিচারের কোন পর্যায়ে রহিয়াছে ?”	

এমতাবস্থায়, উল্লিখিত ৬৮ নং তারকা চিহ্নিত প্রশ্ন বিষয়ে আপনার জেলার সংশ্লিষ্ট সুনির্দিষ্ট উত্তর পত্র প্রাপ্তির ০২(দুই) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবর ফ্যাক্স এবং জিইপিযোগে (ফ্যাক্স নম্বরঃ ৯৫৭৫২৭১) জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


(মোঃ মিজানুর রহমান)
সহকারী সচিব(ফৌজদারী)
ফোন: ৫৫১১০৩৯৪(অফিস)।

প্রাপকঃ জেলা ও দায়রা জজ(সকল)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:-

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৮, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, আইসিটি সেল, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। সলিসিটর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। অফিস কপি।